[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

**সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০২০**

**তারিখঃ ০৯ অগ্রহায়ন, ১৪২৭ বঙ্গাব্দ।**
**২৪ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।**

**বিষয়ঃ চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত দিক নির্দেশনা।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, কোনো নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি ও প্রক্রিয়া নির্ধারণ করিল, যথা:-

ক) পণ্যের মূল স্বত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি দেশের বলবৎ চুক্তি আইন (The Contract Act, 1872) এর বিধি বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করিতে হইবে;

খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধি-বিধান অনুযায়ী সকল হিসাব সংরক্ষণ করিতে হইবে;

গ) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থল হইতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট উপকরণ সরবরাহের সময় ফরম "মূসক-৬.৪" এ ২ (দুই) প্রস্থ চালানপত্র জারী করিয়া মূল চালানপত্রটি উপকরণ গ্রহণকারীকে প্রদান করিতে হইবে এবং অনুলিপি পণ্যের স্বত্বাধিকারী সংরক্ষণ করিবেন;

ঘ) পণ্যের স্বত্বাধিকারীর উৎপাদনস্থলের পরিবর্তে তাহার পণ্যাগার হইতে বা তাহার ব্যবসাস্থলে রক্ষিত উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট সরবরাহের সময় স্বত্বাধিকারীর এইরূপ নিবন্ধিত পণ্যাগার বা ব্যবসায়স্থল হইতে ফরম "মূসক-৬.৪" এ ২ (দুই) প্রস্থ চালানপত্র জারী করিয়া মূল চালানপত্রটি চুক্তিভিত্তিক উৎপাদককে প্রদান করিতে হইবে এবং অনুলিপি পণ্যের স্বত্বাধিকারী সংরক্ষণ করিবেন;

ঙ) চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি অনুযায়ী স্বত্বাধিকারীকে পণ্য সরবরাহ করার পূর্বে চুক্তিভিত্তিক উৎপাদক উক্ত সরবরাহের বিপরীতে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম "মূসক-৪.৩" এ উপকরণ-উৎপাদ সহগ দাখিল করিবেন;

চ) চুক্তি অনুযায়ী স্বত্বাধিকারীকে পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৩৩ অনুসরণপূর্বক চুক্তিভিত্তিক উৎপাদক প্রাপ্য বা প্রাপ্ত পণের বিপরীতে ফরম "মূসক-৬.৩" এ কর চালানপত্র জারী করিবেন;

ছ) পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক সরবাহকৃত উপকরণ অথবা চুক্তিভিত্তিক উৎপাদকের নিজস্ব উপকরণ ব্যবহার করিয়া পণ্য উৎপাদনের পর চুক্তি অনুযায়ী স্বত্বাধিকারীর নিকট পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে চুক্তিভিত্তিক উৎপাদক ফরম "মূসক-৬.৪" এ ২ (দুই) প্রস্থ চালানপত্র জারী করিয়া মূল চালানপত্রটি পণ্যের স্বত্বাধিকারীকে প্রদান করিবেন এবং অনুলিপি চুক্তিভিত্তিক উৎপাদক সংরক্ষণ করিবেন;

জ) পণ্য পরিবহণকালে মূল চালানপত্র যানবাহনের সহিত থাকিতে হইবে;

ঝ) চুক্তি ভিত্তিতে উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীর নিকট সরবরাহ করিবার পর স্বত্বাধিকারী উক্ত সরবরাহের বিপরীতে সংশ্লিষ্ট এলাকার বিভাগীয় কর্মকর্তার নিকট ফরম "মূসক-৪.৩" এ উপকরণ-উৎপাদ সহগ দাখিল করিবেন;

ক্রমশঃ পিঃ।

[handwritten initials] ...11/2020

ঞ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৩৩ অনুসরণপূর্বক পণ্য সরবরাহ প্রদানের লক্ষ্যে উক্ত পণ্যের স্বত্বাধিকারী ফরম "মূসক-৬.৩" এ কর চালানপত্র জারী করিবেন;

ট) চুক্তিভিত্তিক উৎপাদক, পণ্যের স্বত্বাধিকারী কর্তৃক ইস্যুকৃত ফরম "মূসক-৬.৪" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত উপকরণ ব্যতীত, ফরম "মূসক-৬.৩" চালানপত্রের মাধ্যমে প্রাপ্ত বা সংগৃহীত অন্যান্য উপকরণের উপর পরিশোধিত মূসক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর বিধান পরিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন;

ঠ) চুক্তিভিত্তিক উৎপাদনকারী কর্তৃক ফরম "মূসক-৬.৩" এর মাধ্যমে স্বত্বাধিকারীর নিকট সরবরাহকৃত পণ্যের বিপরীতে পরিশোধিত মূসক, উপকরণ কর হিসাবে, স্বত্বাধিকারী, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর বিধান পরিপালন সাপেক্ষে রেয়াত গ্রহণ করিতে পারিবেন;

ড) পণ্যের স্বত্বাধিকারী ও চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক মূসক বিধি ৪০ অনুযায়ী তাহাদের নিজ নিজ নিবন্ধিত স্থানে যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে, এবং

(১) ফরম **"মূসক-৬.৪"** এর মাধ্যমে উপকরণ চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট প্রেরণ সংক্রান্ত তথ্যাদি স্বত্বাধিকারীকে তাহার মূসক সংক্রান্ত হিসাবপুস্তক ছাড়াও আলাদা রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং আইনের ধারা-১০৭ অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তক সংরক্ষণ করিতে হইবে;

(২) একইভাবে চুক্তিভিত্তিক উৎপাদক কর্তৃক ফরম **"মূসক-৬.৪"** এর মাধ্যমে সংগৃহীত উপকরণ ও চুক্তির ভিত্তিতে উৎপাদিত পণ্য স্বত্বাধিকারীকে ফেরত প্রদানের তথ্য তাহার মূসক সংক্রান্ত হিসাবপুস্তক ছাড়াও আলাদা রেজিস্ট্রারে সংরক্ষণ করিতে হইবে, এবং উহা বাণিজ্যিক দলিলাদি হিসাবে বিবেচিত হইবে এবং আইনের ধারা-১০৭ অনুসারে এ সংক্রান্ত হিসাব পুস্তক সংরক্ষণ করিতে হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

২৪/১১/২০২০

**( কাজী ফরিদ উদ্দীন )**
প্রথম সচিব (মূসক নীতি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ২৩১
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**[তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০০৩.১২/ ৪৬৭(৫২) তারিখঃ ২৪ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

২-৫। সদস্য (শুল্ক নীতি)/ (মূসক নীতি)/ সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)/ (মূসক নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৮-২৩। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/ মংলা/বেনাপোল/পানগাঁও/ আইসিডি, কমলাপুর।

২৪-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

২৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।

২৯। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।

৩০। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।

৩১। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/ বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, কাকরাইল, ঢাকা।

৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩৩-৩৫। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা)/(শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Rhasan
28/১১/2026

**( কাজী রেজাউল হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com